

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৩.২২-৫৪

তারিখঃ ০১ মাঘ ১৪৩২
১৫ জানুয়ারি ২০২৬

বিষয়ঃ ঢাকা জেলার সাভার পৌরসভার সীমানা সম্প্রসারণ প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং- ০৫.৪১.২৬০০.০১৭.৫২.০০১.২৫-৫২২ (৪), তারিখ: ৩০ জুলাই ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার পৌরসভার সীমানা নির্ধারণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৫ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার উপজেলা নির্বাহী অফিসার, সাভারকে সীমানা নির্ধারণ কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি) সাভারকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা নিয়োগ করা হলো।

০২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ (সংশোধনীসহ) ধারা অনুসরণ করে নিম্নোক্ত ছক মোতাবেক সাভার পৌরসভার সীমানা নির্ধারণের প্রস্তাব (সফট কপি নিকস ফন্টে সিডিসহ) জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. সাধারণ ওয়ার্ড বিভক্তি (ভফসিল)

জেলা-, উপজেলা-, পৌরসভার নাম-.....

সাধারণ ওয়ার্ড নম্বর	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে.এল নম্বর (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে, আংশিক মৌজার ক্ষেত্রে দাগ নম্বরসমূহ)	সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার নাম (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে)	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে ও পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা, খাল ইত্যাদির বর্ণনা) একটি মানচিত্রে ভিন্ন রং এ ওয়ার্ড চিহ্নিত করতে হবে
১	২	৩	৪

২. সংরক্ষিত ওয়ার্ড বিভক্তি (ভফসিল)

সংরক্ষিত ওয়ার্ড নম্বর	সংরক্ষিত ওয়ার্ডভুক্ত সাধারণ ওয়ার্ডসমূহের নম্বর	সংরক্ষিত ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি
১	২	৩

মো: মোশারেফ হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- জেলা প্রশাসক, ঢাকা (সাভার পৌরসভার সীমানা নির্ধারণের কাজ সম্পন্নকরণের বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- প্রশাসক, সাভার পৌরসভা, সাভার।
- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-সাভার, জেলা- ঢাকা।
- সহকারী কমিশনার (ভূমি), উপজেলা-সাভার, জেলা- ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্ম সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- অফিস কপি